

# চিকিৎসাকেন্দ্র সংস্কারের দাবিতে জাবি শিক্ষার্থীদের ‘মেডিক্যাল ঘেরাও’

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ছবি: কালের কঠ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি)

চিকিৎসাকেন্দ্র সংস্কারের দাবিতে ‘মেডিক্যাল  
ঘেরাও’ কর্মসূচি পালন করেছেন বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষার্থীরা।

রবিবার (২২ জুন) রাত সাড়ে ৮টার দিকে  
বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রের প্রধান ফটকে  
তালা দিয়ে এ কর্মসূচি পালন করেন তারা। এ  
সময় জরুরি সেবা বাদে সব ধরনের সেবা বন্ধ  
ঘোষণা করেন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীদের দাবিগুলো হলো- ন্তবিজ্ঞান ৫১  
ব্যাচের শিক্ষার্থী জুবায়েরকে অ্যাস্ত্রুল্যান্স সেবা  
প্রদানে গাফিলতির সঙ্গে জড়িতদের তদন্ত

সাপেক্ষে অপসারণ, অ্যাম্বুল্যাসের সংখ্যা বৃদ্ধি  
করা, অভিজ্ঞ ডাক্তার, নার্স ও কর্মচারী বৃদ্ধি করা,  
পর্যাপ্ত ঔষুধ সরবারহ নিশ্চিত করা, প্রয়োজনীয়  
পরীক্ষা-নিরীক্ষা সরঞ্জাম বৃদ্ধি করা এবং ২৪ ঘণ্টা  
প্যাথলজিক্যাল স্যাম্পল সংগ্রহ নিশ্চিত করতে  
হবে, জরুরি বিভাগের সেবার মান নিশ্চিত করা,  
মেডিক্যাল সেন্টারকে একটি পরিপূর্ণ মেডিক্যালে  
রূপান্তর করা এবং স্বাস্থ্যবীমা নিশ্চিত করা।

এসময় বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ৫২  
ব্যাচের শিক্ষার্থী সিয়াম কায়েফ বলেন, 'আমরা  
সবাই দেখেছি, গতকাল ন্যূবিজ্ঞান বিভাগের  
জুবায়ের ভাই কীভাবে ঢাকা মেডিক্যালের  
করিডোরে ঘণ্টার পর ঘণ্টা কাতরাচ্ছেন, অথচ  
বিশ্ববিদ্যালয়ের অ্যাম্বুল্যান্স চেয়েও কোনো  
সহায়তা পাননি। মেডিক্যাল সেন্টারের এমন  
অপারগতা ভবিষ্যতে আমাদের আরো বড় ধরনের  
সমস্যার মুখে ফেলতে পারে। চিকিৎসা মানুষের  
গৌলিক অধিকার, আর সেই চিকিৎসাসেবা দিতে  
বার বার বিশ্ববিদ্যালয় ব্যর্থ হচ্ছে। আমরা এই  
অব্যবস্থার দ্রুত সমাধান চাই।

,

এ সময় বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি

বিভাগের ৫০ ব্যাচের শিক্ষার্থী জিয়া উদ্দিন আয়ান

বলেন, ‘ক্যাম্পাসে অনেক শিক্ষার্থী সময়মতো

চিকিৎসা না পেয়ে অকালে মৃত্যুবরণ করেছেন, যা

অত্যন্ত দুঃখজনক। মেডিক্যালে পর্যাপ্ত চিকিৎসক

ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করার মতো জনবল নেই;

এমনকি ইসিজি মেশিন থাকলেও তা চালানোর

মতো প্রশিক্ষিত জনবলও নেই। বছরের পর বছর

মেডিক্যাল সেন্টার সংস্কারের দাবিতে আন্দোলন

চললেও প্রশাসনের অসহযোগিতার কারণে তাতে

কোনো ফল আসে না। তাই আমরা অতিন্দ্রিত

মেডিক্যাল সেন্টারের কার্যকর সংস্কার নিশ্চিত

করার দাবি জানাচ্ছি।

,

প্রসঙ্গত, চিকিৎসাধীন অবস্থায় জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয়ের ৫১তম ব্যাচের নৃবিজ্ঞান বিভাগের

শিক্ষার্থী জোবায়ের হোসাইন মৃত্যুবরণ করেছেন।

রবিবার সকালে সাভারের একটি বেসরকারি

হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। তবে তার

মৃত্যুর আগে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রের

অ্যাম্বুল্যান্স তিনি যথাসময়ে পাননি এমন

অভিযোগ তুলে চিকিৎসাকেন্দ্র ঘেরাও করেছেন

একদল শিক্ষার্থী।